আজকের কাগজ

তারিখ 29 MAR 1995
পৃষ্ঠা ৮ কলাম ২

২৪

ঢা. বি. ভর্তি তহবিলে অনিয়ম

# সিন্ডিকেটের সিদ্ধান্ত আদালত অবৈধ ঘোষণা করেছেন

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ঘ' ইউনিটের অডিট সম্পর্কে সিন্ডিকেটের সিদ্ধান্তকে হাইকোর্ট উদ্দেশ্যপ্রণোদিত অবৈধ ও আইনগত ক্ষমতা বহির্ভূত বলে ঘোষণা করেছেন। বিচারপতি এ.এম, মাহমুদুর রহমান ও বিচারপতি মাহফুজুর রহমানের সমন্বয়ে গঠিত সুপ্রীমকোর্টের হাইকোর্ট বেঞ্চ অধ্যাপক ডঃ এ কে মনোয়ার উদ্দীনের এক রীট আবেদনের প্রেক্ষিতে এ রায় দেন। একই সঙ্গে আদালত অধ্যাপক মনোয়ার উদ্দীনকে মামলা পরিচালনার ব্যয় বাবদ এক হাজার টাকা পরিশোধ করার জন্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আদেশ দিয়েছেন।

উক্ত ইউনিটের ভর্তি তহবিলে কিছু আর্থিক অনিয়ম গোচরে এলে অনুষদের ডীন ডঃ মনোয়ার উদ্দীন তা কর্তৃপক্ষকে জানান। উপাচার্যের সম্মতিক্রমে উক্ত তহবিলের ১৯৮৯-'৯০, '৯০-'৯১, '৯১-'৯২, '৯২-'৯৩ এ চার বছরের অডিট সম্পন্ন করে একটি চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম। এতে আর্থিক অনিয়ম ধরা পড়ে।

উল্লেখ্য, দুর্নীতি সম্পর্কিত এ প্রতিবেদন গত ১৯৯৩-এর ২৭ ডিসেম্বর আজকের কাগজে ফলাও করে প্রচার করা হয়। এ প্রতিবেদনের ভিত্তিতে ডীনদের জরুরি সভা ২৮ ডিসেম্বর ১৯৯৩-তে অনুষ্ঠিত হয়। এদিকে উক্ত চার বছরের দায়িত্বপ্রাপ্ত ডীন ডঃ আনোয়ার উল্লাহ চৌধুরী ও অন্যান্য সদস্যরা এ ঘটনার প্রতিবাদ করে। তারা ভিসি'র কাছে ডঃ মনোয়ার উদ্দীনের শাস্তি দাবি করে এবং ডঃ মনোয়ার উদ্দিনকে ক্ষমা চাইতে বলেন। এক পর্যায়ে ভিসি বর্তমান ডীন ডঃ মনোয়ার উদ্দিনকে ক্ষমা প্রার্থনার নির্দেশ দেন। উক্ত অডিটকে অবৈধ ঘোষণা করে সিন্ডিকেটের সভায় ডঃ মনোয়ার উদ্দীনের নিন্দা জানিয়ে প্রস্তাব গৃহিত হয়। এ প্রেক্ষিতে ডঃ মনোয়ার উদ্দীন আদালতে উক্ত রীট আবেদন দাখিল করেন। আদালত উক্ত অডিটকে বৈধ বলে রায় দিয়েছেন।